# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ১. যীশু খ্রিষ্ট বিষয়ক অশোভনীয়তা / ৭. ১. ১. আগুন জ্বালানো ও বিভক্তি সৃষ্টি

## ৭. ১. যীশু খ্রিষ্ট বিষয়ক অশোভনীয়তা

আমরা জানি, যীশু খ্রিষ্ট ও তাঁর প্রেরিতগণ নতুন নিয়মের ভিত্তি। তাঁদের মহিমা ও শিক্ষা প্রচারই নতুন নিয়মের মূল বিষয়। তবে এর পাশাপাশি নতুন নিয়মের মধ্যে অনেক তথ্য বিদ্যমান যা সুস্পষ্টতই অশালীন, অযৌক্তিক, কুরুচিকর এবং অমর্যাদাকর। এখানে এ জাতীয় কিছু তথ্য উল্লেখ করছি:

### ৭. ১. ১. আগুন জ্বালানো ও বিভক্তি সৃষ্টি

ইঞ্জিলগুলোতে যীশুর অনেক মূল্যবান শিক্ষা বিদ্যমান। পাশাপাশি অনেক শিক্ষা বিদ্যমান যা অশোভন। অশান্তি ও বিভক্তিকে তাঁর মূল মিশন হিসেবে উল্লেখ করা এরূপ একটা বিষয়। যীশু বলেন: ‘‘আমি দুনিয়াতে আগুন জ্বালাতে এসেছি; যদি তা আগেই জ্বলে উঠত তবে কত না ভাল হত! আমাকে একটা তরিকাবন্দী নিতে হবে, আর যতদিন পর্যন্ত তা না হয় ততদিন পর্যন্ত আমার দুঃখের শেষ নেই। তোমাদের কি মনে হয় যে, আমি দুনিয়াতে শান্তি দিতে এসেছি? না, তা নয়। আমি শান্তি দিতে আসি নি বরং মানুষকে মানুষের বিরুদ্ধে দাঁড় করাতে এসেছি। এখন থেকে এক বাড়ীর পাঁচ জন ভাগ হয়ে যাবে, তিন জন দু’জনের বিরুদ্ধে আর দু’জন তিনজনের বিরুদ্ধে। ... বাবা ছেলের বিরুদ্ধে ও ছেলে বাবার বিরুদ্ধে, মা মেয়ের বিরুদ্ধে ও মেয়ে মায়ের বিরুদ্ধে, শাশুড়ী বউয়ের বিরুদ্ধে ও বউ শাশুড়ীর বিরুদ্ধে।’’ (লূক ১২/৪৯-৫৩: মো.-০৬)

বাইবেল সমালোচকরা এ বক্তব্য আপত্তিকর বলে গণ্য করেছেন। ‘‘যীশু কি মিথ্যা বলেছেন?’’ (Did Jesus Christ Lie?) এবং ‘‘যীশুর পারিবারিক মূল্যবোধ’’ (Jesus’ Family Values) প্রবন্ধে গ্যারি ডেভানি (Gary DeVaney) লেখেছেন:

“If the average American Christian watched, saw and heard an Islamic leader, King or President say on TV: "I have come to set the Earth on fire, and how I wish it were already blazing. How great is my anguish until it is accomplished!" Would he or she claim that these were the words of an evil terrorist? Is this an ‘evil’, terrorist statement? Yes? No? Did Jesus Christ prove to be an evil / insane terrorist by making this evil / murderous statement? Does Jesus want, demand and expect His believers and followers to fulfill His wishes? Will Jesus punish those who will not fulfill His wishes? Do you pick and choose which of Jesus' wishes you will fulfill and those you won't? How much of a God is a God who has to wish? Should Jesus Christ be arrested, put in ‘Gitmo’, water-boarded / tortured and held without charges for saying it? Or - Did Jesus outright lie when He said it? If Jesus did say it - did Jesus prove to be evil? What kind of model was Jesus Christ

to have said this? Or - did the Holy Bible lie by claiming and documenting that Jesus did say it? Responses?”

“Was Jesus the love-model for the Crusades, the Inquisition, Hitler, George W. Bush and some of the other major tyrants throughout history? If Satan said these things, we could validate any anger towards him. Didn’t Jesus say them? Also, is one who wishes really in control? Jesus does not get my vote.”

“যদি সাধারণ কোনো আমেরিকান খ্রিষ্টান টেলিভিশনের পর্দায় একজন মুসলিম নেতা, প্রেসিডেন্ট বা রাজাকে শুনেন ও দেখেন যে তিনি বলছেন: ‘আমি দুনিয়াতে আগুন জ্বালাতে এসেছি; যদি তা আগেই জ্বলে উঠত তবে কত না ভাল হত! যতদিন পর্যন্ত তা না হয় ততদিন পর্যন্ত আমার দুঃখের শেষ নেই’ তবে তিনি কি সে নেতাকে দুষ্ট সন্ত্রাসী বলে গণ্য করবেন? এ কথাটা কি একটা দুষ্ট সন্ত্রাসী বক্তব্য? হ্যাঁ অথবা না বলুন। এরূপ একটা দুষ্ট ও মারাত্মক বক্তব্য প্রদান করে যীশু কি প্রমাণ করলেন যে তিনি দুষ্ট অথবা উন্মাদ সন্ত্রাসী ছিলেন? যীশু কি ইচ্ছা, দাবি ও আশা করেছেন যে, তাঁর প্রতি বিশ্বাসীরা তাঁর ইচ্ছাগুলো বাস্তবায়ন করবে? যীশুর এ ইচ্ছা যারা পুরণ করবে না তিনি কি তাদেরকে শাস্তি দেবেন? যীশুর কোন্ বাসনা আপনি পুরণ করবেন এবং কোনগুলো পুরণ করবেন না তা কি আপনি ইচ্ছামত পছন্দ করবেন? যে ঈশ্বরকে আকাঙক্ষা করতে হয় তিনি কেমন ঈশ্বর? এ বিবৃতি প্রদান করার জন্য কি যীশুকে গ্রেফতার করে গুয়ামত্মানামো কারাগারে জল-পাটাতনে নির্যাতন করা এবং বিনা বিচারে আটকে রাখা উচিত? অথবা যীশু যখন এ কথাগুলো বলেছিলেন তিনি কি সোজাসুজি মিথ্যা বলেছিলেন? যীশু যদি এ কথা বলে থাকেন তবে তিনি কি দুষ্ট বলে প্রমাণিত হলেন? এরূপ কথা বলে যীশু কিরূপ আদর্শ বলে পরিগণিত হলেন? অথবা যীশু এরূপ কথা বলেছেন বলে উল্লেখ করে বাইবেল কি মিথ্যা বলেছে? আপনার উত্তর কী?”[1]

“যীশুই কি তাহলে ক্রুসেড, ইনকুইজিশন, হিটলার, জর্জ ডাবলিউ বুশ এবং ইতিহাসের অন্যান্য প্রসিদ্ধ অত্যাচারীর ‘প্রেম-আদর্শ’? যদি এ সব কথা শয়তান বলত তবে আমরা তার বিরুদ্ধে ক্রুদ্ধ হওয়াকে যুক্তিগ্রাহ্য বলে প্রমাণ করতাম। কিন্তু এ কথাগুলো কি যীশুই বললেন না? এছাড়া যিনি আকাঙক্ষা করেন তিনি কি সর্বশক্তিমান? যীশু আমার ভোট পাচ্ছেন না।”[2]

## ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id188. html
[2] http://www.thegodmurders.com/id119.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14349

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন